**বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র**

সাভার, ঢাকা

(www.bpatc.gov.bd)

**৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব সাঈদ মাহবুব খান, রেক্টর

তারিখ : ১৫ অক্টোবর ২০২৪ (মঙ্গলবার)

সময় : সকাল ১০:০০ টা

স্থান : রেক্টরস্ কনফারেন্স রুম, আইটিসি

উপস্থিতি : তালিকা সংযুক্ত

উপস্থিত অনুষদবর্গে সভাপতি কর্তৃক স্বাগত জানানোর মাধ্যমে সভা আরম্ভ হয়। মিজ এলিনা আকতার, উপপরিচালক (পিপিআর) এবং কোর্স সমন্বয়ক (সাধারণ) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| সিদ্ধান্ত নম্বর | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১ | ২০ অক্টোবর ২০২৪ তারিখে ৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠান কেন্দ্রের মিলনায়তনে অনুষ্ঠিত হবে। এজন্য প্রয়োজনীয় সাজসজ্জা, প্রয়োজনীয় সংখ্যক ব্যানার, করিডরসহ অডিটরিয়াম, আইটিসির সম্মুখভাগে আলোকসজ্জা, লাল গালিচাসহ উৎসবমুখর পরিবেশ নিশ্চিত করতে হবে। | কোর্স ম্যানেজমেন্ট টিম (সিএমটি) |
| ০২ | উদ্বোধন অনুষ্ঠানের ডিনার ক্যাফেটেরিয়া পলাশ, শিমুল, জবাসহ আইটিসি ভবনের নীচতলায় অবস্থিত ডাইনিংসমূহে পরিবেশিত হবে। এছাড়া, স্থান সংকুলানের প্রয়োজনে রজনীগন্ধাকেও ডাইনিং হিসেবে ব্যবহার করা যেতে পারে। | প্রশাসন |
| ০৩ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিবসহ আমন্ত্রিত অতিথিদের জন্য আইটিসি ভবনে কক্ষ ও আপ্যায়নের ব্যবস্থা রাখতে হবে | প্রশাসন |
| ০৪ | অনুষ্ঠানের প্রধান অতিথি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের জন্য প্রয়োজনীয় তথ্যসম্বলিত ফোল্ডার প্রস্তুত করে বৃহস্পতিবার (১৭ অক্টোবর ২০২৪) এর মধ্যে তাঁর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে | সিএমটি |
| ০৫ | উদ্বোধন অনুষ্ঠানে সকল ধর্মগ্রন্থ থেকে পাঠের ব্যবস্থা রাখতে হবে এবং এজন্য সংশ্লিষ্ট ইমাম/পুরোহিত/পাদ্রীর সাথে যোগাযোগ করে তাঁদের উপস্থিতি নিশ্চিত করতে হবে | সিএমটি |
| ০৬ | উদ্বোধন অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের পক্ষে একজন পুরুষ এবং একজন নারী প্রশিক্ষণার্থী বক্তব্য রাখবেন। প্রথম তিনজন রেজিস্ট্রেশন সম্পন্নকারীদের মধ্য থেকে প্রশিক্ষণার্থী বক্তা বাছাই করতে হবে। | সিএমটি |
| ০৭ | প্রধান অতিথিকে মঞ্চে ফুল দিয়ে একজন প্রশিক্ষণার্থী বরণ করে নিবেন | সিএমটি |
| ০৮ | প্রধান অতিথিকে প্রদানের জন্য স্মারক উপহার (বই) এবং শুভেচ্ছা স্মারক (ক্রেস্ট) সংগ্রহ করতে হবে | সিএমটি |
| ০৯ | উদ্বোধন অনুষ্ঠানের ডিনারে আমন্ত্রিতদের জন্য আসন বিন্যাস পূর্বেই প্রকাশ করতে হবে | সিএমটি |
| ১০ | ২০/১০/২০২৪ তারিখে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা দু'টি ভাগে বিভক্ত হয়ে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন | সিএমটি |
| ১১ | প্রশিক্ষণার্থীদের প্রয়োজনার্থে চিকিৎসা সুবিধাদি সম্প্রসারণ করতে হবে; জরুরিভিত্তিতে ডাক্তারি সেবা গ্রহণের জন্য মেডিকেল সেন্টারে একটি এম্বুলেন্স সার্বক্ষণিক উপস্থিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | প্রশাসন |
| ১২ | সাপ্তাহিক ছুটির দিনগুলোতে ডরমিটরিতে অবস্থানকারী প্রশিক্ষণার্থীরা মাঠে খেলাধূলা করতে চাইলে ক্রীড়া প্রশিক্ষকের উপস্থিতিতে করতে হবে | ক্রীড়া শাখা |
| ১৩ | দুপুরের খাবারের পর ১টির বেশি শ্রেণিকক্ষ অধিবেশন না রাখার ব্যাপারে সচেষ্ট থাকতে হবে | সিএমটি |
| ১৪ | ক্লাসের নিয়মিত সময়সূচি (সকাল ৮:৩০ থেকে ১:১৫ পর্যন্ত) পেছানো, প্রতিটি অধিবেশনের সময় ৬০ মিনিটের পরিবর্তে ৫০/৫৫ মিনিট পুনর্নির্ধারণ ইত্যাদি প্রস্তাবনা সিএমটি পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করবে | সিএমটি |

| | | |
|---|---|---|
| ১৫ | প্রশিক্ষণার্থীগণ দু'টি ভাগে বিভক্ত হয়ে ভিন্ন সময়সূচি অনুসারে সকালের পিটি এবং বৈকালিক খেলাধূলায় অংশগ্রহণ করবে যা খেলাধূলা শাখা নির্ধারণ করবে | খেলাধূলা শাখা |
| ১৬ | অতিথি ক্রীড়া প্রশিক্ষকদের প্রয়োজনীয় ব্রিফিং প্রদান করতে হবে | পরিচালক (প্রশাসন) ও সিএমটি |
| ১৭ | ডরমিটরিতে নিয়োজিত রুম এটেনডেন্ট, ডাইনিং এ নিয়োজিত ওয়েটারসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করতে হবে | প্রশাসন |
| ১৮ | ১৫-তলা ডরমিটরিতে কম্পিউটার ল্যাব সম্প্রসারণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে; এজন্য প্রয়োজনীয় স্পেস বরাদ্দ করতে ডরমিটরি শাখাকে অনুরোধ জানানো হবে | সিস্টেম এনালিস্ট |
| ১৯ | প্লেজায়ারিজম সফটওয়ার ক্রয়ের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে | সিস্টেম এনালিস্ট ও পরিচালক (প্রশাসন) |
| ২০ | অধিক সংখ্যক প্রশিক্ষণার্থীদের গাড়ি চালনা প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পাদনের পরিকল্পনা গ্রহণের জন্য বিআরটিএ-র সাথে আলোচনা করতে হবে এবং প্রশিক্ষণ শেষে ড্রাইভিং পরীক্ষা বিপিএটিসিতে আয়োজনের চেষ্টা করতে হবে | সিএমটি |
| ২১ | বুনিয়াদি কোর্স চলাকালে অনুষদ সদস্যদের যথাযথ পোশাক পরিধানের ব্যাপারে সচেতন হওয়ার আহবান জানানো হয় | সকল অনুষদ |
| ২২ | ডরমিটরি এলাকায় নিরাপত্তা বিধানের জন্য নিরাপত্তারক্ষী ও আনসার সদস্যদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে | প্রশাসন |
| ২৩ | ডরমিটরিসহ কেন্দ্রের সকল ক্লোজ সার্কিট ক্যামেরাসমূহ সচল ও তদারকির ব্যবস্থা করতে হবে | প্রশাসন |
| ২৪ | রাত ১০:৩০ মিনিটের পর প্রশিক্ষণার্থীদের ডরমিটরিতে প্রবেশ বা বের হওয়া কঠোরভাবে নিষেধ করতে হবে | সিএমটি |
| ২৫ | ডরমিটরিতে প্রশিক্ষণার্থীদের গেস্টদের আগমন নিরুৎসাহিত করতে হবে এবং লাইব্রেরির সামনে গেস্টদের বসার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে | প্রশাসন ও সিএমটি |
| ২৬ | প্রশিক্ষণার্থীরা ডরমিটরির বাইরে বের হওয়ার সময় অবশ্যই নেমব্যাজ পরিধান করবে যা নিশ্চিত করতে হবে | সিএমটি |
| ২৭ | মূল্যায়ন শাখা কর্তৃক ডরমিটরিতে রাতে সারপ্রাইজ ভিজিটের ব্যবস্থা করতে হবে | মূল্যায়ন শাখা |
| ২৮ | অতিথি বক্তাদের যথাযথভাবে রিসিভ ও বিদায় জানানোর জন্য সিএমটিকে সচেষ্ট হতে হবে | সিএমটি |
| ২৯ | সাপ্তাহিক ছুটির সংখ্যা হ্রাসের ব্যাপারে সিএমটি বিবেচনা করবে | সিএমটি |
| ৩০ | ডরমিটরি থেকে প্রশিক্ষণার্থীদের গমনাগমনের বিষয়টি নিবিড়ভাবে তদারকি করতে হবে | সিএমটি/ প্রশাসন |

০২। ৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি সফলভাবে পরিচালনার জন্য কেন্দ্রের সকল অনুষদ সদস্যকে আন্তরিকভাবে ভূমিকা রাখার আহবান জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
সাঈদ মাহবুব খান
রেক্টর

কার্যবিবরণী নং ০৫.০১.০০০০.২৬৩.১৮.৭৭২.২৪.০৯

তারিখ: ৩০ আশ্বিন, ১৪৩১
১৫ অক্টোবর, ২০২৪

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও (প্রযোজ্য ক্ষেত্রে) সদয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
২। সদস্য (সকল), ৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বিপিএটিসি, সাভার, ঢাকা;
৩। জনাব.....;
৪। প্রোগ্রামার, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ);
৫। রেক্টরের একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
৬। সংশ্লিষ্ট নথি।

১৫/১০/২০২৪
(এলিনা আকতার)
পরিচিতি নং ১৬৯২৫
কোর্স সমন্বয়ক (সাধারণ)
৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স